

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৪১

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনার ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা ও এ ক্ষেত্রে যাচাইবাছাই করা প্রসঙ্গে

بَابُ اتِّقَاءِ الْحَدِيثِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَالتَّثَبُّتِ فِيهِ

আরবী

أَخْبَرَنَا أَسَدُ بْنُ مُوسَى، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَتَّابٍ، قَالَ: سَمِعْتُ أَنَسَ بْنَ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، يَقُولُ: لَوْلَا أَنِّي أَخَشَى أَنْ أُخْطِئَ لِحَدَّثْتُكُمْ بِأَشْيَاءَ سَمِعْتُهَا مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ – أَوْ قَالَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ – وَذَلِكَ أَنِّي سَمِعْتُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ كَذَبَ عَلَيَّ مُتَعَمِّدًا، فَلْيَتَّبِعُوا مَقْعَدَهُ مِنَ النَّارِ

إِسْنَادُهُ صَحِيحٌ

বাংলা

২৪১. আত্তাব বলেন, আমি আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমার যদি ভুল হওয়ার আশঙ্কা না থাকত, তাহলে আমি তোমাদেরকে অবশ্যই এমন সব বিষয়ে হাদীস শুনাতে, যা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি কিংবা যা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন। কেননা, আমি এটি তাঁর নিকট শুনেছি: “যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে আমার উপর মিথ্যারোপ করে, সে যেন জাহান্নামে তার বাসস্থান বানিয়ে নেয়।”[১]

ফুটনোট

[১] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনুল জাউযী, আল মাউযু'আত ১/৭৯; বুখারী, ১০৮; মুসলিম, মুকদ্দমা ২; তায়ালিসী ১/৩৮ নং ৯৭; বিস্তারিত তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ২৯০৯; সিয়াকু আ'লামিন নুবালা' ১/৪৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69552>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন